# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪১.০০২.২৫-৫৯২

তারিখ: ১২ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ / ২৫ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

## আলিম পরীক্ষা-২০২৫ এর ফরমপূরণের বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর আওতাধীন সকল মাদ্রাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে ২০২৫ সালের আলিম পরীক্ষার আবেদন ফরমপূরণের বিভিন্ন কার্যক্রম নিম্নবর্ণিত নির্দেশনা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করতে অনুরোধ করা হলো।

**প্রতিষ্ঠানে একই নামে একাধিক ছাত্র/ছাত্রী থাকতে পারে। সে ক্ষেত্রে ফরমপূরণের সময় তাদের রেজিস্ট্রেশন নম্বর, ছবি ও পিতা-মাতার নাম মিলিয়ে পরীক্ষার্থী সনাক্ত করতে হবে। এর ব্যত্যয় ঘটলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।**

২। (ক) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী ও নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন ফরমপূরণ করতে পারবে। কোনো পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোনো বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোন যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

(খ) কোন পরীক্ষার্থী তার নিয়ন্ত্রণ বহির্ভূত কোনো কারণ কিংবা শারীরিক অসুস্থতার জন্য নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে কিংবা নির্বাচনি পরীক্ষায় অনুত্তীর্ণ হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর অভিভাবকের লিখিত আবেদন ও পরীক্ষার্থীর প্রাক নির্বাচনি পরীক্ষার সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে পরীক্ষার ফরমপূরণ করতে পারবে। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত প্রতিবন্ধী/সেরিব্রালপলসি বা বিশেষ চাহিদা সম্পন্ন এবং বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য।

(গ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরীক্ষার্থীদের আলিম পরীক্ষায় অধিকতর সফলতার জন্য প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক বিষয় ভিত্তিক মডেল টেস্ট গ্রহণ করতে পারবে। কিন্তু এ মডেল টেস্ট কোনো পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক নয় এবং এর জন্য অতিরিক্ত ফি ধার্য বা আদায় করা যাবে না।

৩। পরীক্ষার্থীদের পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ মোট অর্থ সোনালী ব্যাংকের যে কোনো শাখা থেকে মাদ্রাসা শিক্ষা বোর্ডের রেজিস্ট্রারের অনুকূলে পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফি পরিশোধ করে তার রশিদ সংরক্ষণ করতে হবে।

৪। **আলিম পরীক্ষা-২০২৫ শুরুর তারিখ: ২৬/০৬/২০২৫ খ্রি.**

৫। **Online** এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা **(Probable list)** প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সংবলিত সম্ভাব্য তালিকা মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট **(www.bmeb.gov.bd)** এ ০১/০৩/২০২৫ তারিখে প্রকাশ করা হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ০২/০৩/২০২৫ থেকে ১০/০৩/২০২৫ তারিখের মধ্যে **Online** এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরমপূরণ **(eFF)** সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ মাদ্রাসা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে **eFF** এ ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করে **Probable list** এ যেতে হবে এবং **Print** করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি **Probable list** এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable list** থেকে **Select** করতে হবে।

(গ) **Temporary List Print** করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে **Select/ UnSelect** করা যাবে।

(ঘ) এরপর পেমেন্ট বাটনে ক্লিক করে সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফরমপূরণের ফি প্রদান করতে হবে।

(ঙ) ফি জমা দেওয়ার সর্বশেষ তারিখ ১১/০৩/২০২৫। ফি এর টাকা ব্যাংকে জমা দেয়ার ২৪ ঘণ্টার মধ্যে **Final Candidate List Print Active** হবে।

(চ) **Final Candidate List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

(ছ) প্রয়োজন হলে শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট শিক্ষার্থীদের মধ্য থেকে ফরম পূরণের কাজ একইভাবে সম্পন্ন করতে পারবে। বিলম্ব ফি সহ ১২/০৩/২০২৫ থেকে ১৭/০৩/২০২৫ পর্যন্ত অনলাইনে ফরমপূরণ **(eFF)** করা যাবে। ফি জমা দেয়ার সর্বশেষ তারিখ ১৮/০৩/২০২৫।

৬। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৭। ইলেক্ট্রনিক ফরমপূরণ **eFF** এর কার্যক্রমের বিবরণ ও সমসয়সূচি নিম্নোক্ত ছকে দেয়া হলো :

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক | রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত (রিটেইন্ড) পরীক্ষার্থীদের তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনপত্র দাখিলের শেষ তারিখ : | ২৭/০২/২০২৫ |
| খ | জিপিএ উন্নয়ন এবং এক/দুই বিষয়ের পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ :<br>**নোট :** যে সকল পরীক্ষার্থী ২০২৪ সালের আলিম পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০২৪ সালে আংশিক বিষয়ে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীরা এ সুযোগ পাবে না। উল্লেখ্য যে, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ সকল ছাত্র/ছাত্রীর জন্য বাধ্যতামূলক। তবে যেসব পরীক্ষার্থী ইতোমধ্যে আলিম পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনি পরীক্ষায় উর্ত্তীণের বিষয়টি বাধ্যতামূলক নয়। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত প্রতিবন্ধী সেরিব্রালপলসি বা বিশেষ চাহিদা সম্পন্ন এবং বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনি পরীক্ষায় উর্ত্তীণের বিষয়টি শিথিলযোগ্য। | ২৭/০২/২০২৫ |
| গ | নির্বাচনী পরীক্ষা গ্রহণ শেষে ফল প্রকাশের তারিখ: | ২৭/০২/২০২৫ |
| ঘ | রেজিস্ট্রেশন নবায়নের শেষ তারিখ:<br>নোট: ২০১৯-২০ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে (অতিরিক্ত বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং ২০২৪ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে অকৃতকার্য হযেছে তারা রেজিস্ট্রেশন নবায়ন করে শুধু ২০২৫ সালে ঐ এক বিষয়ে (অতিরিক্ত বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ২৫০/ (দুইশত পঞ্চাশ টাকা)। এক্ষেত্রে সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ: | ০১/০৩/২০২৫ |
| ঙ | মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (probable list) প্রদর্শন | ০১/০৩/২০২৫ |
| চ | প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে online এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে বিলম্ব ফি ছাড়া টাকা জমা দেয়ার তারিখ:<br>উল্লেখ্য, (ক) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোনো শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।<br>(খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা প্রতিষ্ঠান প্রধানকে সংরক্ষণ করতে হবে। | ০২/০৩/২০২৫<br>থেকে<br>১০/০৩/২০২৫ |
| ছ | পরীক্ষার্থী প্রতি ১০০/- (একশত টাকা) হারে বিলম্ব ফি সহ ফরমপূরণের তারিখ: | ১২/০৩/২০২৫<br>থেকে<br>১৭/০৩/২০২৫ |
| জ | ফি জমাদানের শেষ তারিখ: | ১৮/০৩/২০২৫ |

৮। **এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

(ক) যে সকল পরীক্ষার্থী ২০২২/২০২৩/২০২৪ সালের আলিম পরীক্ষায় এক/দুই বিষয়ে (অতিরিক্ত বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৫ সালে অনুষ্ঠেয় আলিম পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **আংশিক বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ কখনই অতিরিক্ত বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।** তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে অতিরিক্ত বিষয়সহ ২০২৫ সালের আলিম পরীক্ষার জন্য নির্ধারিত সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**(খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং বিজ্ঞান বিভাগের আলফিকহ্ ১ম পত্র ও আরবি সাহিত্য (২২৩) বিষয়ের অকৃতকার্য পরীক্ষার্থীকে অবশ্যই ফরমপূরণ করতে হবে। ফরমপূরণ ব্যতীত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং বিজ্ঞান বিভাগের আলফিকহ্ ১ম পত্র ও আরবি সাহিত্য (২২৩) বিষয়ের অকৃতকার্য পরীক্ষার্থীর ফলাফল প্রকাশের সুযোগ নেই।**

(গ) ২০২৪ সালের আলিম পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত প্রাইভেট পরীক্ষার্থীগণ ২০২৫ সালের এক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে তাদেরকে অনুচ্ছেদ ৭(ঘ) মোতাবেক ০১/০৩/২০২৫ তারিখের মধ্যে ২৫০/-(দুইশত পঞ্চাশ টাকা) রেজিস্ট্রেশন নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে রেজিস্ট্রেশন নবায়ন করতে হবে।

(ঘ) যে সকল পরীক্ষার্থী ২০২৩/২০২৪ সালের আলিম পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়ে, ২০২৩/২০২৪ সালে আলিম পরীক্ষায় ঐ এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিষ্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২৩/২০২৪ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৫ সালের সকল/ এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৯। **২০২৫ সালের আলিম পরীক্ষায় অতিরিক্ত বিষয়ের সুবিধা সংক্রান্ত :**

পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-শিম/শা:১০/৭ পরীক্ষা২(গ্রেডিং)/২০০২/৬১০, তারিখ: ০৪/০১/০৩ এর ১(ঞ) এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০২৫ সালের আলিম পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে অতিরিক্ত বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

১০। **রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্ত :**

(ক) ২০২০-২০২১ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনধারী কোনো পরীক্ষার্থী ২০২৫ সালের আলিম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৯-২০২০ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের (অতিরিক্ত বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল প্রতিষ্ঠান প্রধান বিশেষভাবে অনুরোধ করা হলো।

১১। **রেজিস্ট্রেশন নবায়ন সংক্রান্ত :**

(ক) ২০২৪ সালের আলিম পরীক্ষায় অনিয়মিত এবং প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা দুই বা ততোধিক বিষয়ে (অতিরিক্ত বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারা কোনো অবস্থাতেই রেজিস্ট্রেশন নবায়ন করে ২০২৫ সালে একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। ২০২৪ সালে আলিম পরীক্ষায় এক বিষয়ে/অকৃতকার্য/অনুপস্থিত প্রাইভেট পরীক্ষার্থীগণ ২০২৫ সালে অকৃতকার্য/অনুপস্থিত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০২১, ২০২২, ২০২৩, ২০২৪ সালের আলিম পরীক্ষার যে কোনো এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ের (অতিরিক্ত বিষয় বাদে) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং যে কোনো কারণে তারা ২০২১, ২০২২, ২০২৩,২০২৪ সালের আলিম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০২৪ সালে রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা নবায়ন ফি জমা দিয়ে শুধু একবারের জন্য রেজিস্ট্রেশন নবায়নপূর্বক ২০২৫ সালের আলিম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

১২। **জিপিএ উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

(ক) রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরের বছরেই আলিম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। যে সকল পরীক্ষার্থী ২০২৪ সালের আলিম পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে ২০২৫ সালের আলিম পরীক্ষায় নির্ধারিত সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না। জিপিএ উন্নয়ন না হলে পূর্বের ফল বহাল থাকবে।

(খ) যে সকল পরীক্ষার্থী এক/দুই বিষয়ের পরীক্ষা দিয়ে ২০২৪ সালের আলিম পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কখনই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১৩। **পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস ও সময় সংক্রান্ত :** জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৫ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী (নিয়মিত, অনিয়মিত, আংশিক ও মান উন্নয়ন) সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ৩.০০ ঘণ্টা

১৪। **সকল প্রকার পরীক্ষার্থীর পরীক্ষার ফি এর হার নিম্নবর্ণিত ছকে দেয়া হলো :**

| পরীক্ষার্থীর প্রকার | পরীক্ষার ফি (প্রতি পত্র/ বিষয়) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী) | অনুমতি/ তালিকাভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | রোভার স্কাউট/গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| নিয়মিত পরীক্ষার্থী | ১১০/- | ২৫/- | ১০০/- | ১৫০/- | -- | -- | ২৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১১০/- | ২৫/- | ১০০/- | ১৫০/- | ১০০/- | -- | ২৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১১০/- | ২৫/ | ১০০/- | -- | ১০০/- | -- | ২৫/- |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১১০/- | ২৫/ | ১০০/- | ১৫০/- | -- | ১০০/- | ২৫/- |
| প্রাইভেট পরীক্ষার্থী | ১১০/- | ২৫/ | ১০০/- | ১৫০/- | -- | ১০০/- | ২৫/- |

১৫। (ক) অন্যান্য ফি এর হার (যাদের বেলায় প্রযোজ্য) :

১. রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা)।

২. প্রাইভেট পরীক্ষার্থীদের ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী) ১০০/- (একশত) টাকা।

**(খ) প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনি পরীক্ষার ফি:**

(i) যে সকল প্রাইভেট পরীক্ষার্থীর নির্বাচনি পরীক্ষা আছে (প্রতি পরীক্ষার্থী) ২০০/- (দুইশত) টাকা।

(ii) যেসব প্রাইভেট পরীক্ষার্থীর (যেমন: দৃষ্টি প্রতিবন্ধী, শ্রবণ প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী, বিশেষ চাহিদাসম্পন্ন প্রতিবন্ধী, শিক্ষক, পুলিশ, মিলিটারী) নির্বাচনি পরীক্ষা নেই তাদের ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী) ১০০/-(একশত) টাকা।

১৬। **কেন্দ্র ফি সংক্রান্ত (আলিম পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে) :**

(ক) আলিম পরীক্ষার কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় নেই) জন প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ)। (কেন্দ্র ফি থেকে ট্যাগ অফিসারের নূন্যতম সম্মানি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ও অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে)।

(খ) আলিম পরীক্ষার কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় আছে) জন প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) + ব্যবহারিক প্রতি পত্রের জন্য ২৫/- (পঁচিশ) টাকা।

(গ) আলিম পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহি:পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ২০/- (বিশ টাকা)।

**ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ টাকা) এবং বহি: পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ টাকা) হারে সম্মানি/পারিশ্রমিক পরিশোধ করবেন।**

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পরিক্ষার্থী প্রতি ১৩/- (তের টাকা) এবং সংশ্লিষ্ট কেন্দ্র পরীক্ষার্থী প্রতি ০৭ (সাত টাকা) পাবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোনো প্রকার সম্মানি প্রদান করবে না।**

**বি: দ্র:** কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দিয়ে সংশ্লিষ্ট কেন্দ্র/মাদ্রাসা কর্তৃপক্ষ তত্ত্বীয় এবং ব্যবহারিক, উভয় প্রকার পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। পরীক্ষা কেন্দ্র/মাদ্রাসা কর্তৃপক্ষ সকল পরীক্ষা পরিচালনার ব্যয়ের ঘাটতি বিশেষ করে ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক দ্রব্যাদিসহ অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের ব্যয় বহন করবেন। এ ক্ষেত্রে বোর্ড কর্তৃক কোনোরূপ অনুদান প্রদান করা হবে না। বোর্ড অফিস হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে। যে প্রতিষ্ঠানে যে বিষয়ে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে সংশ্লিষ্ট বিষয়ের ব্যবহারিক পরীক্ষার ফি উক্ত প্রতিষ্ঠান প্রাপ্য হবে।

**আদায়কৃত কেন্দ্র ফি (ব্যবহারিক ফি ব্যতীত) হতে প্রত্যেক মাদ্রাসা ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে।**

১৭। **নিয়মিত শিক্ষার্থী প্রতি ফরমপূরণ ফি নিম্নলিখিত হারে নির্ধারণ করা হয়েছে।**

| ক্রমিক | বিবরণ | বিজ্ঞান বিভাগ (অতিরিক্ত বিষয়সহ) | সাধারণ বিভাগ (অতিরিক্ত বিষয়সহ) | মুজাব্বিদ মাহির বিভাগ (অতিরিক্ত বিষয়সহ) |
|---|---|---|---|---|
| ১ | বোর্ড ফি | ২৩৭০.০০ | ১৯৫০.০০ | ১৯৫০.০০ |
| ২ | কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) | ৮৫৫.০০ | ৪৯৫.০০ | ৪৯৫.০০ |
| | সর্বমোট = | ৩২২৫.০০ | ২৪৪৫.০০ | ২৪৪৫.০০ |

১৮। **পরীক্ষার ফি এবং ফরম বোর্ডে জমা দেয়ার নিয়মাবলি:**

(ক) পরীক্ষার যাবতীয় ফি বোর্ডের রেজিস্ট্রারের অনুকূলে কেবল সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে জমা দিতে হবে।

(খ) কোনোক্রমেই নগদ টাকা, পেঅর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারি চালান ইত্যাদিতে বোর্ডের ফি গ্রহণ করা হবে না।

(গ) এ বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনোক্রমেই পরীক্ষার ফি ও অন্যান্য কাগজপত্র গ্রহণ করা হবে না।

১৯। **শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আগস্ট - ২০২৫ পর্যন্ত শিক্ষার্থীদের নিকট থেকে টিউশন ফি আদায় করতে পারবে।**

২০। **নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না। এ সংক্রান্ত কোনো তথ্য দৃষ্টিগোচর হলে/অভিযোগ পেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফরমপূরণ প্যানেল বন্ধ করা সহ বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।**

২১। <u>২০২৫ সালের আলিম পরীক্ষার ফল প্রকাশ পদ্ধতি সংক্রান্ত</u> : সকল প্রকার পরীক্ষার্থীর ফল নিম্নবর্ণিত গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

| লেটার গ্রেড | প্রাপ্ত নম্বরের শ্রেণি ব্যাপ্তি | গ্রেড পয়েন্ট |
|---|---|---|
| A + | 80 – 100 | 5.00 |
| A | 70 – 79 | 4.00 |
| A– | 60 – 69 | 3.50 |
| B | 50 – 59 | 3.00 |
| C | 40 – 49 | 2.00 |
| D | 33 – 39 | 1.00 |
| F | 00 – 32 | 0.00 |

২২। <u>অন্যান্য বিষয় সংক্রান্তঃ</u>

(ক) অবৈধ রেজিস্ট্রেশন, বোর্ডের অনুমতি ছাড়া অবৈধভাবে মাদ্রাসা বদলি অভিযুক্ত হবার কারণে কোনো শিক্ষার্থী পরীক্ষার্থী হলে, সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এ ছাড়াও অন্য যে কোনো ধরনের অবৈধ শিক্ষার্থীকে পরীক্ষায় অবতীর্ণ হবার অনুমতি দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

(খ) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০২৫ সালের আলিম পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি যথাযথভাবে অনুসরণ করে নির্ধারিত সময়ে ফরমপূরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল মাদ্রাসার প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ফোন : ০২-৫৮৬১০২০২
ই-মেইলঃ controller@bmeb.gov.bd

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪১.০০২.২৫-৫৯২

তারিখ: ১২ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ</u>

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩. মাননীয় শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. জেলা প্রশাসক (সকল);
৫. উপ-রেজিস্ট্রার (কমন), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. সিনিয়র সিস্টেম এনালিষ্ট (পরামর্শক), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৮. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, বিএমইবি শাখা, ঢাকা;
৯. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (তাঁকে বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০. সহকারী পরিদর্শক, আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, উপ-পরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল;
১১. জেলা শিক্ষা অফিসার (সকল);
১২. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমতি/স্বীকৃতি প্রাপ্ত সকল আলিম মাদ্রাসা;
১৩. সকল কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১৪. পি. এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১৫. পি. এ টু রেজিস্ট্রার/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১৬. অফিস কপি।

মোহাম্মদ আব্দুস সালাম
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ফোনঃ ০২২২৩৩৬৫২৪৮
E-mail: dcexam@bmeb.gov.bd